



বাংলাদেশ নির্বাচন কমিশন

থানা নির্বাচন অফিসারের কার্যালয়

সোনাডাঙ্গা, খুলনা।

www.ecs.gov.bd

স্মারক নং-১৭.০৫.৪৭৮৫.০০০.৩২.০০১.২০-২৪৭

তারিখঃ ১৯/০৭/২০২১ খ্রিঃ।

নোটিশ

এতদ্বারা খুলনা জেলার সোনাডাঙ্গা ও খালিশপুর থানা এলাকায় বসবাসরত বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী, জরুরি চিকিৎসা সেবায় নিয়োজিত স্বাস্থ্যকর্মী, প্রবাসী কর্মসহ বিদেশগামী যাত্রী এবং গণটিকা নিবন্ধনে আগ্রহীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কার্যালয়ে জরুরি জাতীয় পরিচয়পত্র সেবা চালু আছে। উপরিলিখিত ব্যক্তিবর্গ স্বাস্থ্যবিধি মেনে জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত সেবা গ্রহণ করতে পারবেন। উল্লেখ্য যে, নতুন ভোটার নিবন্ধনের জন্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ভোটার নিবন্ধন ফরম সংগ্রহ করে অথবা services.nidw.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইনে ভোটার নিবন্ধন ফরম-২ পূরণপূর্বক প্রিন্ট করে হার্ড কপিতে আবেদনকারীর স্বাক্ষর, শনাক্তকারীর স্বাক্ষর এবং যাচাইকারীর সীলসহ স্বাক্ষর প্রদান করে স্বশরীরে অত্রাফিসে উপস্থিত হয়ে আবেদনকারীকে ভোটার রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

রেজিস্ট্রেশনের সময় সপ্তাহের প্রতি বুধবার সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত।

নতুন ভোটার নিবন্ধনের জন্য আবেদনকারীকে যে সকল দলিলাদি সংযুক্ত করতে হবেঃ

- ১। শিক্ষাগত যোগ্যতার সনদ (পিএসসি/জেএসসি/এসএসসি)।
- ২। অনলাইন জন্ম নিবন্ধন সনদ।
- ৩। সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব সনদ।
- ৪। পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- ৫। স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্র, কাবিননামার ফটোকপি (বিবাহিতদের ক্ষেত্রে)।
- ৬। হোল্ডিং ট্যাক্স/ পানির বিল/জমির মিউটেশন কপি।
- ৭। ভাড়াটিয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট থানা থেকে ভাড়াটিয়া তথ্য ফরম।
- ৮। বাড়িওয়ালার NID কার্ডের ফটোকপি ও অনাপত্তিপত্র/প্রত্যয়নপত্র মোবাইল নম্বরসহ (ভাড়াটিয়াদের ক্ষেত্রে)।
- ৯। প্রবাসী হলে পাসপোর্টের ফটোকপি এয়ারাইভাল পর্যন্ত।
- ৮। শিক্ষার্থীদের পরিচয়পত্রের কপি।
- ৯। দ্বৈত নাগরিক হলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সেবা সুরক্ষা শাখা হতে দ্বৈত নাগরিকত্ব সনদের কপি।
- ১০। ফরম-২ এর ৩৪, ৩৫ নম্বর তথ্যে শনাক্তকারীর জাতীয় পরিচয়পত্র নম্বর ও স্বাক্ষর প্রদান করতে হবে।
[শনাক্তকারী সংশ্লিষ্ট ওয়ার্ডের ভোটার এমন কোন ব্যক্তি (পিতা, মাতা, স্বামী, স্ত্রী বাদে)]
- ১১। ফরম-২ এর ৪০, ৪১, ৪২ নম্বর তথ্যে যাচাইকারী কর্তৃক জাতীয় পরিচয়পত্র নম্বর এবং সীলসহ স্বাক্ষর প্রদান করতে হবে। (যাচাইকারী বলতে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর বুঝাবে)
- ১২। রেজিস্ট্রেশন অফিসারের চাহিদামত অন্যান্য দলিলাদি।

[বিঃদ্রঃ নোটিশটি শুধুমাত্র করোনা ভাইরাসের জন্য আরোপিত বিধি-নিষেধের সময় প্রযোজ্য হবে]

জরুরি যোগাযোগঃ

- ১। মোঃ শরিফুর রহমান, ডাটা এন্ট্রি অপারেটর, থানা নির্বাচন অফিস, সোনাডাঙ্গা, খুলনা, মোবাইল-০১৭২২৮৯৬৭৯২
- ২। সৈয়দ আশিকুজ্জামান, ডাটা এন্ট্রি অপারেটর, থানা নির্বাচন অফিস, সোনাডাঙ্গা, খুলনা, মোবাইল-০১৯১২৯৪৬০৬৭

থানা নির্বাচন অফিসার

সোনাডাঙ্গা, খুলনা

ও

রেজিস্ট্রেশন অফিসার

স্মারক নং-১৭.০৫.৪৭৮৫.০০০.৩২.০০১.২০-২৪৭

তারিখঃ ১৯/০৭/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। সচিব, নির্বাচন কমিশন, সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন, সচিবালয়, ঢাকা।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, খুলনা।
- ৫। নোটিশ বোর্ড/অফিস কপি।

থানা নির্বাচন অফিসার

সোনাডাঙ্গা, খুলনা।